সমকাল

তারিখ ...01 SEP 2015...
পৃষ্ঠা ...৬... কলাম ...২...

# রাবিতে শিবির সন্দেহে ৪ শিক্ষার্থীকে পুলিশে দিল ছাত্রলীগ

■ রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) শিবির সন্দেহে চার শিক্ষার্থীকে পুলিশে দিয়েছে ছাত্রলীগ। সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও সৈয়দ আমীর আলী হলে এ ঘটনা ঘটে।

আটকরা হলেন- গণিত বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী মাহমুদ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের সাদিকুল ইসলাম, মাঈন উদ্দিন ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী রাসেল হোসাইন। এর মধ্যে মাহমুদ সৈয়দ আমীর আলী হল শাখা ছাত্রশিবিরের সাধারণ সম্পাদক বলে ছাত্রলীগের নেতাকর্মীরা দাবি করেছেন।

গতকাল বিকেলে বঙ্গবন্ধু হলের ২১৫ নম্বর কক্ষ থেকে সাদিকুল ইসলামকে আটক করে ছাত্রলীগ। পরে তাকে হলের ছাত্রলীগ নিয়ন্ত্রিত ২২২ নম্বর কক্ষে নিয়ে শারীরিকভাবে নির্যাতন করা হয় বলে অভিযোগ পাওয়া গেছে। সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদের সামনে থেকে মাগরিবের নামাজ শেষে বের হওয়ার পথে মাঈন উদ্দিন ও রাসেল হোসাইনকে আটক করে ছাত্রলীগের নেতাকর্মীরা। রাত ৮টার দিকে ছাত্রলীগ নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের শহীদ আমীর আলী হলের ২০৯ নম্বর কক্ষ থেকে মাহমুদ নামের এক শিক্ষার্থীকে আটক করে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মিজানুর রহমান বলেন, 'তারা ক্যাম্পাসে নাশকতার পরিকল্পনা করছিল। তাই তাদের ছাত্রলীগের নেতাকর্মীরা প্রতিরোধ করেছে। নগরীর মতিহার থানার ওসি হুমায়ুন কবির বলেন, তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।